একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস,
দুর্গাপুর, নেত্রকোণা।

## ডিসেম্বর, ২০২৩ মাসের রাজস্ব সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মো: আরিফুল ইসলাম প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, নেত্রকোণা।

সভার স্থান ঃ- উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

সভার তারিখ ও সময় ঃ ৩১.১২.২০২৩ খ্রিঃ, বেলা-১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় নিম্নোক্ত বিষয় আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত (সাধারণ) | ভূমি উন্নয়ন কর আদায় বিবরণী পর্যালোচনা দেখা যায় যে, কুল্লাগড়া ইউনিয়নে সাধারণ ৪২৩৫০০/- টাকা, দুর্গাপুর সদর ইউনিয়নে ৪৫৪৯২২/- টাকা, চন্ডিগড় ইউনিয়নে ৩৭৯০২১/- টাকা, বিরিশিরি ইউনিয়নে ২২২৪৩৪/- টাকা, বাকলজোড়া ইউনিয়নে ২৭৯১৩৩/-টাকা, কাকৈরগড়া ইউনিয়নে ২২৩৮৪৯/-টাকা, গাঁওকান্দিয়া ইউনিয়নে ৩২৬১০৮/-টাকা। অত্র উপজেলায় মোট ২৩০৮৯৬৭/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৫০.০১%। | ১। যাদের ভূমি উন্নয়ন কর আদায়ের হার ৫০% এর নিচে জানুয়ারি মাসের শেষে আদায়ের হার ৬০% করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। নির্ধারিত টার্গেট অনুসারে আদায় সম্পন্ন হওয়ায় কুল্লাগড়া, দুর্গাপুর সদর, চন্ডিগড়, গাঁওকান্দিয়া ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)। |
| | ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত (সংস্থা) | সংস্থার ভূমি উন্নয়ন কর দাবীর আদায় বিবরণী পর্যালোচনা দেখা যায় যে, চলতি অর্থ বছরের সংস্থার আদায় সন্তোষজনক নয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে সংস্থার দাবী সঠিকভাবে আদায়ের জন্য সভাপতি মহোদয় সকল ইউয়িন ভূমি কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। | (ক) ইউনিয়ন পরিষদ (খ) ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কমপ্লেক্স (গ) প্রাথমিক বিদ্যালয় সমূহের ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ এবং দুর্গাপুর অবস্থিত জেলা পরিষদ বাংলো অনাদায়ী ভূমি উন্নয়ন কর আদায়ে নোটিশ প্রদানের জন্য বলা হয়।<br>(ঙ) বিরিশিরি কালচারাল একাডেমী এবং বন বিভাগের সম্পত্তির ভূমি উন্নয়ন কর আদায়ে নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)। |
| ০২. | দেওয়ানী মামলা সংক্রান্ত | ডিসেম্বর/২০২৩ মাসে পেন্ডিং এসএফ ৩০টি। দেওয়ানী মামলার এস.এফ প্রেরণ, নির্ধারিত তারিখে সরকার পক্ষে সাক্ষ্য প্রদান ও তথ্য প্রদান করে সরকারি কৌশুলীকে সহায়তা করার জন্য সভাপতি মহোদয় সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন। যে সকল সরকারী সম্পত্তি ব্যক্তি মালিকানায় রেকর্ড হয়েছে সেই সকল ভূমির সরকারী স্বার্থ রক্ষার্থে মোকদ্দমার কার্যক্রম গ্রহনের জন্য সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের নির্দেশ প্রদান করা হয়। | ১। সঠিক সময়ে তথ্য বিবরণী প্রেরণ করতে হবে এবং সরকারী স্বার্থ রক্ষায় প্রয়োজনীয় রেকর্ডপত্র সহ আদালতে হাজির হয়ে স্বাক্ষ্য প্রদান নিশ্চিত করতে হবে ।<br>২। জেলা হতে ফেরত আসা এস এফ সমূহের ত্রুটি সংশোধন পূর্বক পুনরায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক)সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা।<br>(খ) সংশ্লিষ্ট সহকারী। |
| ০৩. | ল্যান্ড সার্ভে ট্রাইঃ মামলা সংক্রান্ত | ডিসেম্বর/২০২৩ মাসে ১৭৯ টি মামালার এসএফ প্রেরণ পেন্ডিং রয়েছে। ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল মামলার এস. এফ প্রাপ্তি ০৭(সাত) দিনের মধ্যে পেরিফেরি বর্ণনাসহ তথ্য প্রদান করার জন্য সভাপতি মহোদয় সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের | জানুয়ারি মাসের মধ্যে ১৭৯টি পেন্ডিং মামলার ৫০% এসএফ প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট সহকারী। |